গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ
শাহবাগ, ঢাকা।

বিষয়ঃ গণগ্রন্থাগার অধিদপ্তরের "সেমিনার কক্ষ" ব্যবহারের নীতিমালা।

গণগ্রন্থাগার অধিদপ্তরের সেমিনার কক্ষ বলতে কেবলমাত্র নির্ধারিত কক্ষের ভিতরের অংশকেই বুঝাবে। কোন বানিজ্যিক উদ্দেশ্যে সৃষ্ট নয় বিধায় এবং গ্রন্থাগারের সামগ্রিক শিক্ষামুলক ও পাঠ পরিবেশ অক্ষত রক্ষার স্বার্থে সেমিনার কক্ষটির ব্যবহার নিম্নলিখিত ক্ষেত্রসমুহের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

ক) শিক্ষা. পুস্ড়ক প্রকাশনা. পুস্ড়ক প্রদর্শনী. গ্রন্থ কিংবা গ্রন্থাগার সম্পর্কিত উন্নয়নমুলক অনুষ্ঠানাদির জন্য ;
খ) বিশিষ্ট ব্যক্তিবর্গের স্মরণে আয়োজিত অনুষ্ঠানের জন্য ;
গ) আবৃত্তি, হাতের লেখা প্রতিযোগিতা, সাহিত্য সমালোচনা, চিত্রাংকন প্রদর্শনী ও প্রতিযোগিতা, পুস্ড়ক পাঠ প্রতিযোগিতা ইত্যাদি আয়োজনের জন্য ;
ঘ) ছোট আকারের সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, বিশেষ স্মরণীয় বা তাৎপর্যপূর্ণ দিবস উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠানের জন্য ;

২. গ্রন্থাগারের পাঠ পরিবেশ অক্ষত রাখার স্বার্থে কোন ক্রমেই শব্দযন্ত্র ব্যবহার করা যাবে না ;
৩. একই প্রতিষ্ঠানকে এক মাসে ৫(পাঁচ) দিনের বেশী ভাড়া দেয়া যাবে না ;
৪. ৩ মাস পূর্বের কোন বুকিং গ্রহণ করা যাবে না ;
৫. সেমিনার কক্ষের বিদ্যমান সুযোগ সুবিধা ব্যতিত অতিরিক্ত কোন সুবিধা দাবী করা যাবে না ;
৬. অত্র অধিদপ্তরের নিজস্ব কিংবা সরকারী কোন অনুষ্ঠান থাকলে অন্য কোন প্রতিষ্ঠানকে সেমিনার কক্ষ বরাদ্দ দেয়া যাবে না। কোন প্রতিষ্ঠানকে বরাদ্দ দেয়া হলেও তা বাতিল করা যাবে। বরাদ্দপত্র প্রদান বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সে ক্ষেত্রে ভাড়া গ্রহীতা কোন আপত্তি বা ক্ষতিপুরণ দাবী করতে পারবে না;
৭. কোন রাজনৈতিক বা ধর্মীয় বির্তকমুলক অনুষ্ঠানাদির জন্য সেমিনার কক্ষ ব্যবহার করতে পারবে না ;
৮. কোন রকম চলচিত্র প্রদর্শন নাটক বা কোন প্রকার সংগীত বা সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য বরাদ্দ দেয়া যাবে না ;
৯. সেমিনার কক্ষটি কোন বানিজ্যিক উদ্দেশ্যে সৃষ্ট নয় বিধায় বানিজ্যিক উদ্দেশ্যে কোন আয়োজক প্রতিষ্ঠানকে সেমিনার কক্ষ বরাদ্দ দেয়া যাবেনা ;
১০. সেমিনার কক্ষের সার্ভিস চার্জ নিম্নরূপ (ভ্যাট বাদে) ঃ
ক) পূর্ণ দিবসের জন্য (সকাল ১০.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ড়) - ১০০০/- টাকা।
খ) অর্ধ দিবসের জন্য (সকাল ১০.০০ টা হতে দুপুর ৩.০০ অথবা বিকাল ৪.০০ টা হতে রাত ৯.০০টা ৭০০/- ,,
১১. সেমিনার কক্ষ বরাদ্দ প্রাপ্তির জন্য অত্র অধিদপ্তর কর্তৃপক্ষ বরাবরে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে সার্ভিস চার্জের সমপরিমাণ অর্থ পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর বরাবর পে-অর্ডার/ ডি. ডি.জামানত হিসেবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে অন্যথায় কোন বুকিং বা আবেদনত্র গ্রহণ করা হবে না এবং পরবর্তীতে বরাদ্দ প্রদানের পর উক্ত জামানতের অর্থ সার্ভিস চার্জ হিসেবে সমন্বয় করা হবে এবং সরকারী কোষাগারে জমা দেয়া হবে। অনুষ্ঠানের পূর্বে সার্ভিস চার্জ গ্রহনের পাকা রশিদ ভাড়া গ্রহীতাকে সংগ্রহ করতে হবে এবং সেমিনার কক্ষ ব্যবহারের সময় পাকা রশিদ প্রদর্শন পূর্বক ভাড়া গ্রহীতাকে সেমিনার কক্ষ ব্যবহারের জন্য খুলে দেয়া হবে ;
১২. প্রত্যাশি সংস্থা কর্তৃক জামানতসহ সেমিনার কক্ষের জন্য আবেদন করার পর তারিখ পরিবর্তন কিংবা অনুষ্ঠান বাতিল করতে হলে সেই ক্ষেত্রে তাদের জামানত হিসাবে জমাকৃত ২৫% অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং অধিদপ্তর কর্তৃক বরাদ্দ প্রদানের পর তারিখ পরিবর্তন কিংবা বাতিল করা হলে জামানত হিসাবে জমাকৃত সমুদয় অর্থ

বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা দেয়া হবে। প্রত্যাশি সংস্থার কোন ধরনের আপত্তি এ ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না ;

১৩. রেয়াতি ভাড়া অথবা বিনা ভাড়ায় সেমিনার কক্ষ ব্যবহারের অনুমতিদানের ক্ষমতা কেবল মাত্র মন্ত্রণালয় সংরক্ষণ করবে।

১৪. মিলনায়তন বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থার এখতিয়ার বহির্ভূত কোন দৈব দূর্বিপাক, রাজনৈতিক বা সামাজিক অচলাবস্থা ইত্যাদি অনিবার্য কারণে নির্ধারিত দিনে অনুষ্ঠান করা সম্ভব না হলে সে ক্ষেত্রে ভাড়া গ্রহীতা প্রতিষ্ঠানকে কোন খেসারত/জরিমানা দিতে হবে না।